রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৩, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ পৌষ ১৪১৬ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০-আইন/২০১০।—Forest Act, 1927 (XVI of 1927) এর section ২৮A এর sub-section (৪) ও (৫) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সামাজিক বনায়ন বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার —

১। বিধি ২ এর

(ক) দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘঘ) এবং (ঘঘঘ) সন্নিবেশিত হইবে, যথাঃ— "(ঘঘ) "ফরম" অর্থ এই বিধিমালার ফরম;
(ঘঘঘ) "ফরেস্ট ভিলেজার" অর্থ বাংলাদেশ ফরেস্ট ম্যানুয়াল পার্ট-২ এর আর্টিকেল-২৮ আনুসারে বন বিভাগের নিবন্ধিত ফরেস্ট ভিলেজার;";

(খ) দফা (চ) এর প্রান্তস্থিত দাড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ছ) সংযোজিত হইবে, যথা ঃ—
"(ছ) "স্থানীয় জনগোষ্ঠী" অর্থ এই বিধিমালার অধীন সামাজিক বনায়নে আগ্রহী স্থানীয় জনগোষ্ঠী যাহাদের বিধি ৬ এর অধীন উপকারভোগী নির্বাচিত হইবার যোগ্যতা রহিয়াছে।"।



মূল্য ঃ টাকা ৬.০০

২। বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (গ) এর "১০ বৎসর, যাহা মেয়াদান্তে তিন কিস্তিতে ৩০ বৎসর পর্যন্ত নবায়নযোগ্য হইবে" সংখ্যাগুলি, কমা ও শব্দগুলির পরিবর্তে "সর্বনিম্ন ১০ বৎসর এবং সর্বোচ্চ ২০ বৎসর, যাহা মেয়াদান্তে দুই অথবা তিন কিস্তিতে সর্বোচ্চ ৪০ বৎসর পর্যন্ত নবায়নযোগ্য হইবে" সংখ্যাগুলি, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সংযোজিত হইবে, যথাঃ—
"(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমে বন অধিদপ্তর এবং স্থানীয় জনগোষ্ঠীর যৌথ সম্মতিক্রমে সংশ্লিষ্ট চুক্তির মেয়াদ নির্ধারণ করা যাইবে।"

৩। বিধি ৫ এর পর নিম্নরূপ নূতন বিধি ৫ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"৫ক। **স্থানীয় জনগোষ্ঠী কর্তৃক সামাজিক বনায়নের আবেদন, তালিকা প্রস্তুত ও অনুমোদন।**—(১) সামাজিক বনায়নের উপযোগী কোন ভূমিতে বনায়নে আগ্রহী স্থানীয় জনগোষ্ঠী বন বিভাগের বীট ও রেঞ্জ কার্যালয়ের মাধ্যমে অথবা সরাসরি বিভাগীয় বন কর্মকর্তার নিকট 'ফরম ক' তে লিখিত আবেদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন লিখিত আবেদন প্রাপ্তির পর, বিভাগীয় বন কর্মকর্তা যথাশীঘ্র সংশ্লিষ্ট স্থানীয় জনগোষ্ঠীকে উপকারভোগী চিহ্নিত করিতে এবং উপকারভোগীগণকে বনায়নের কর্মপরিকল্পনা প্রস্তুত করিতে সহায়তা প্রদানের জন্য, ফরেস্ট রেঞ্জারের নীচে নহে এইরূপ, একজন বন কর্মকর্তা নিয়োগ করিবেন।

(৩) বন কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য বা সদস্যবৃন্দ এবং আবেদনকারী স্থানীয় জনগোষ্ঠীর পক্ষে ন্যূনতম দুইজন প্রতিনিধি, যাহাদের মধ্যে অন্ততঃ একজন মহিলা থাকিবেন, সমন্বয়ে গঠিত কমিটি বিধি ৬ এর উপ-বিধি (২) অনুযায়ী উপকারভোগীদের প্রাথমিক তালিকা প্রস্তুত করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রাথমিক তালিকা চূড়ান্ত হইবার পর সংশ্লিষ্ট বন কর্মকর্তা বিভাগীয় বন কর্মকর্তার নিকট 'ফরম খ' তে একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন প্রতিবেদন পাওয়ার পর বিভাগীয় বন কর্মকর্তা নিম্নলিখিত বিষয়াবলী যাচাই করিবেন ঃ—

(ক) বনের সহিত নির্বাচিত উপকারভোগীদের সম্পর্ক এবং

(খ) বনায়ন কার্যক্রমে শ্রম বিনিয়োগের প্রদানের সামর্থ্য

(৬) উপ-বিধি (৫) এর অধীন যাচাইয়ের পর, বিভাগীয় বন কর্মকর্তা স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে সামাজিক বনায়নের লক্ষ্যে, বিধি ৬ এর উপ-বিধি (১ক) এর বিধান অনুসারে উপকারভোগী নির্বাচনের চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৭) বিধি ৬ এর উপ-বিধি (১ক) এর অধীন উপকারভোগী নির্বাচনের পর এবং বিধি ৪ এর অধীন চুক্তি স্বাক্ষরের পর, বিভাগীয় বন কর্মকর্তা, নির্বাচিত উপকারভোগী স্থানীয় জনগোষ্ঠীকে 'ফরম গ' তে সামাজিক বনায়নের অনুমতি প্রদান করিবেন।"

৪। বিধি ৬ এর—

(ক) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি উপকারভোগী নির্বাচন চূড়ান্ত করিবেন।";

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সাধারণভাবে কোন সামাজিক বনায়ন এলাকার এক বর্গকিলোমিটারের মধ্যে বসবাসকারী স্থানীয় অধিবাসীগণের মধ্য হইতে উক্ত এলাকার উপকারভোগী নির্বাচিত হইবেন এবং নিম্নবর্ণিত ব্যক্তিগণ উপকারভোগী নির্বাচনে প্রাধিকার পাইবেন, যথা ঃ—

(ক) ভূমিহীন;

(খ) ৫০ শতাংশের কম ভূমির মালিক;

(গ) দুঃস্থ মহিলা;

(ঘ) অনগ্রসর গোষ্ঠী;

(ঙ) দরিদ্র আদিবাসী;

(চ) দরিদ্র ফরেস্ট ভিলেজার; এবং

(ছ) অস্বচ্ছল মুক্তিযোদ্ধা অথবা মুক্তিযোদ্ধার অসচ্ছল সন্তান।"।

৫। বিধি ৯ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপ সদস্যদের, যাহাদের মধ্যে অন্ততঃ দুইজন মহিলা থাকিবেন, সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ—

| | | |
|---|---|---|
| (ক) | সভাপতি | ১ জন; |
| (খ) | সাধারণ সম্পাদক | ১ জন; |
| (গ) | কোষাধ্যক্ষ | ১ জন; এবং |
| (ঘ) | সদস্য | ২ জন।"। |

৬। বিধি ১৩এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৩ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১৩। **ব্যবস্থাপনা কমিটির বিলুপ্তি**।—(১) কোন ব্যবস্থাপনা কমিটির অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের লিখিত সুপারিশের ভিত্তিতে বন অধিদপ্তরের সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা উক্ত ব্যবস্থাপনা কমিটি বাতিল করিতে পারিবেন।

(২) ব্যবস্থাপনা কমিটি বিধি ১১ অথবা ১২ এর অধীন কোন দায়িত্ব বা কার্য সম্পাদন করিতে ব্যর্থ হইলে, সংশ্লিষ্ট ফরেস্ট রেঞ্জ কর্মকর্তা উক্ত কমিটির সভাপতিকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিবেন, যাহার অনুলিপি কমিটির অন্যান্য সকল সদস্যকেও প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশ প্রাপ্তির পর ব্যবস্থাপনা কমিটির পক্ষে সভাপতি সন্তোষজনক ব্যাখ্যা দিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট ফরেস্ট রেঞ্জ কর্মকর্তা বিষয়টি সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৪) বিভাগীয় বন কর্মকর্তা উপ-বিধি (৩) এর অধীন বিষয়টি অবহিত হইবার পর উহা সমাধানের চেষ্টা করিবেন এবং, প্রয়োজনবোধে, বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে প্রেরণ করিবেন এবং উক্ত কমিটির পরামর্শ গ্রহণক্রমে অভিযুক্ত ব্যবস্থাপনা কমিটি বিলুপ্ত করিতে পারিবেন।"।

৭। বিধি ১৬ এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(খখ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমে কর্মপরিকল্পনা প্রণয়নে উপকারভোগীগণকে সহায়তা প্রদান এবং কর্মপরিকল্পনা অনুমোদন;";

(খ) দফা (চ) এর "প্রশিক্ষকদের" শব্দটি বিলুপ্ত হইবে;

(গ) দফা (জ) এর " এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(ঘ) দফা (ঝ) এর প্রান্তস্থিত দাড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঞ) ও (ট) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(ঞ) চুক্তি মোতাবেক বিধি ১৮ তে বর্ণিত কোন দায়িত্ব ও কর্তব্য সম্পাদনে ব্যর্থ হইলে উপকারভোগীগণের সহিত চুক্তি বাতিল করা; এবং

(ট) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমে অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী উপকারভোগীগণ কর্তৃক বনজ দ্রব্য সংগ্রহ ও ব্যবহারের প্রয়োজনীয় নির্দেশিকা প্রণয়ন।"।

৮। বিধি ১৮ এর—

(ক) দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(খখ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমে বন অধিদপ্তরের সহায়তায় কর্মপরিকল্পনা প্রণয়ন এবং অনুমোদিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন;"।

(খ) দফা (চ) এর প্রান্তঃস্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে;

(গ) দফা (ছ) এর প্রান্তঃস্থিত দাড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (জ) ও (ঝ) সংযোজিত হইবে, যথা ঃ—

"(জ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমে বন অধিদপ্তরের সম্মতিক্রমে প্রয়োজনীয় বিনিয়োগের ব্যবস্থা করা; এবং

(ঝ) ফসল বাজারজাতকরণে সংশ্লিষ্ট বন বিভাগে প্রতিনিধি প্রেরণ।"।

৯। বিধি ২০ এর—

(ক) উপ-বিধি (২) এর দফা (ঙ) এর প্রান্তঃস্থিত দাড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (চ) ও (ছ) সংযোজিত হইবে, যথা ঃ—

"(চ) শালবন ব্যতীত বিদ্যমান বাগান ও প্রাকৃতিক বনের ক্ষেত্রে—

| পক্ষ | প্রাপ্য হার |
|---|---|
| (অ) বন অধিদপ্তর | ৫০% |
| (আ) উপকারভোগীগণ | ৪০% |
| (ই) বৃক্ষরোপণ তহবিল | ১০% |

(ছ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে বন বিভাগের ভূমিতে গৃহীত সামাজিক বনায়নের ক্ষেত্রে

| পক্ষ | প্রাপ্য হার |
|---|---|
| (অ) বন অধিদপ্তর | ২৫% |
| (আ) উপকারভোগীগণ | ৭৫% |

(জ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে সরকারী, আধাসরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থার ভূমিতে সামাজিক বনায়নের ক্ষেত্রে

| পক্ষ | প্রাপ্য হার |
|---|---|
| (অ) বন অধিদপ্তর | ১০% |
| (আ) উপকারভোগীগণ | ৭৫% |
| (ই) ভূমির মালিক সংস্থা | ১৫% |

(খ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৩) সরকার উপ-বিধি (২) এর অধীন লব্ধ আয় বন্টনের হার সময় সময় পরিবর্তন করিতে পারিবে।"

১০। বিধি ২৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৬ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"২৬। **জাতীয় পরামর্শ ফোরাম গঠন।**—সামাজিক বনায়নের সহিত সম্পর্কিত বিষয়ে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন, সংলাপ আদান-প্রদান ও সুশীল সমাজের ব্যাপক অংশগ্রহণ বজায় রাখিবার উদ্দেশে বন অধিদপ্তর, সরকারের অনুমোদন সাপেক্ষে, একটি জাতীয় পরামর্শ ফোরাম গঠন করিবে যাহাতে ক্ষুদ্র জাতিসত্তাসহ অন্যান্য উপকারভোগীদের প্রতিনিধিত্ব থাকিবে।"।

১১। বিধি ২৬ এর পর নিম্নরূপ 'ফরম ক', 'ফরম খ' এবং 'ফরম গ' সংযোজিত হইবে, যথা ঃ—

'ফরম ক'

[ বিধি-৫ক(১) দ্রষ্টব্য ]

..........................................

'ফরম খ'

[ বিধি-৫ক(৫) দ্রষ্টব্য ]

..........................................

'ফরম গ'

[ বিধি-৫ক(৭) দ্রষ্টব্য ]

..........................................

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ মিহির কান্তি মজুমদার
সচিব।

ফরম-"ক"

বিধি ৫ক(১) দ্রষ্টব্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন অধিদপ্তর

## স্থানীয় জনগোষ্ঠী কর্তৃক সামাজিক বনায়নের আবেদন

বিভাগীয় বন কর্মকর্তা

..............................

আমরা নিম্নলিখিত ব্যক্তিগণ.....................রেঞ্জ/SFNTCএর আওতাধীন...................বিট/SFPC এলাকায় তফসিলে বর্ণিত ভূমিতে সামাজিক বনায়ন করিতে আগ্রহী। আমাদিগকে উক্ত ভূমিতে বনায়নের অনুমতি দেওয়ার জন্য আবেদন করিতেছি।

তফসিল

ভূমির তথ্য

(ক) ভূমির প্রকার- বন ভূমি/স্ট্রীপ/খাস/চর...................পরিমাণ- হেক্টর/কিঃমিঃ-

(খ) ভূমির মালিক-

(গ) ভূমির বর্তমান অবস্থা-

(ঘ) ভূমির অবস্থান ঃ-

মৌজা- দাগ নং-

উপজেলা - জেলা-

(ঙ) ম্যাপ-

বাগানের তথ্য

(ক) কি ধরণের বাগান সৃজনে আগ্রহী- উডলট/কৃষি/স্ট্রীপ/অন্যান্য-

(খ) বৃক্ষ প্রজাতির নাম-

(গ) উপকারভোগীর সংখ্যা-

(ঘ) বাগান সৃজনে অর্থের উৎস-

(ঙ) অর্থের পরিমাণ-

স্বাক্ষর ও পূর্ণ নাম (ঠিকানা সহ)

১।

২।

৩।

ফরম-"খ"

বিধি-৫ক(৪) দ্রষ্টব্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন অধিদপ্তর

**স্থানীয় জনগোষ্ঠী কর্তৃক সামাজিক বনায়নে বন কর্মকর্তার প্রতিবেদন**

বিভাগীয় বন কর্মকর্তা

......................বিভাগ

...........রেঞ্জ/SFNTC এর আওতাধীন............বিট/SFPC এ তফসিলভুক্ত ভূমিতে স্থানীয় জনগোষ্ঠী কর্তৃক সামাজিক বনায়ন কার্যক্রম গ্রহণ করিবার জন্য সুপারিশ করা হইল/ হইল না।

তফসিল

ভূমির তথ্য

(ক) ভূমির প্রকার - বনভূমি/ স্ট্রীপ/খাস/চর .......... পরিমাণ- হেক্টর/কিঃমিঃ-

(খ) ভূমির মালিক-

(গ) ভূমির বর্তমান অবস্থা-

(ঘ) ভূমির অবস্থান ঃ-

মৌজা- দাগ নং-

উপজেলা- জেলা-

(ঙ) ম্যাপ-

বাগানের তথ্য

(ক) কি ধরণের বাগান সৃজন করা যাইবে-

(খ) বাগানের প্রজাতির নাম-

(গ) উপকারভোগীর সংখ্যা (তালিকা সংযুক্ত করিতে হইবে)-

(ঘ) বাগান সৃজনে অর্থের উৎস-

(ঙ) অর্থের পরিমাণ-

স্বাক্ষর-

বন কর্মকর্তার নাম-

পদবী-

তারিখ-

ফরম-"গ"
বিধি-৫ক(৭) দ্রষ্টব্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন অধিদপ্তর

স্থানীয় জনগোষ্ঠী কর্তৃক সামাজিক বনায়নের অনুমতি

স্থানীয় জনগণ কর্তৃক.......................রেঞ্জ/SFNTC এর আওতাধীন............বিট/SFPC এর নিম্নতফসিলভুক্ত ভূমিতে সামাজিক বনায়নের অনুমতি দেওয়া হইল। বাগান সৃজন..........আর্থিক সালের মধ্যে সম্পন্ন করিতে হইবে। অন্যথায় অনুমতি বাতিল বলিয়া গণ্য হইবে।

তফসিল

ভূমির তথ্য

(ক) ভূমির প্রকার - পরিমাণ-

(খ) ভূমির মালিক-

(গ) ভূমির বিবরণ-

(ঘ) ভূমির অবস্থান ঃ-

মৌজা- দাগ নং-

উপজেলা- জেলা-

(ঙ) ম্যাপ-

বাগানের তথ্য

(ক) বাগানের ধরন-

(খ) বৃক্ষ প্রজাতির নাম-

(গ) উপকারভোগীর সংখ্যা (তালিকা সংযুক্ত)-

(ঘ) অর্থের উৎস-

(ঙ) অর্থের পরিমাণ-

বিভাগীয় বন কর্মকর্তা
.......................
.....................

N.B. SFNTC-Social Forestry Nursery and Training Centre
SFPC-Social Forestry Plantation Centre

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd